দৈনিক ইনকিলাব

17 AUG 1988
পৃষ্ঠা 1 কলাম 6
035

# এসএসসি পরীক্ষায় একটি মেধা তালিকা থাকায় কিছু ছাত্র বঞ্চিত

।। মোঃ আবদুর রহিম ।।

দেশের শিক্ষা বোর্ডসমূহে গত ৮৫ সাল থেকে এসএসসি পরীক্ষার ক্ষেত্রে একটি সমন্বিত গ্রুপ চালু রয়েছে। কিন্তু পরীক্ষা গ্রহণ ফলাফল ঘোষণার ক্ষেত্রে বাণিজ্য ও কৃষি বিভাগের বিলোপ সাধন করা হলেও মানবিক ও বিজ্ঞান বিভাগের বিলুপ্তি ঘটেনি। অথচ ফলাফল প্রকাশের সময়ে যুক্তিহীনভাবে একটিমাত্র মেধা তালিকা প্রকাশের নিয়ম রাখা হয়েছে।

দেশের চারটি শিক্ষাবোর্ডের অধীনে গত

২-এর পৃষ্ঠায় দেখুন

## এসএসসি

প্রথম পৃষ্ঠার পর

৮৫ সালে থেকে এসএসসি পরীক্ষায় প্রচলিত বিজ্ঞান, মানবিক, বাণিজ্য ও কৃষি বিভাগের বিলুপ্তি ঘটিয়ে একটি সমন্বিত গ্রুপ চালু করা হয়। বর্তমানে প্রচলিত নিয়মে এসএসসি পরীক্ষায় কোন গ্রুপ নেই। একারণে ফলাফল প্রকাশের সময় একটি মাত্র মেধা তালিকা প্রকাশ করা হয়। কিন্তু মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ একটি বিভাগের কথা বললেও মূলত কাগজে কলমে এখনও ২টি গ্রুপের প্রচলন রয়েছে।

ওদিকে এসএসসি পরীক্ষা দেয়ার জন্য বোর্ডে নাম রেজিষ্ট্রেশন করার সময় কোন গ্রুপের উল্লেখ থাকে না। কিন্তু পরীক্ষার ফরম পূরণের সময় এখনও আলাদা আলাদাভাবে ফরম পূরণ করতে হয়। এর পর বিদ্যালয়গুলোকে মানবিক ও বিজ্ঞান গ্রুপের ছাত্র-ছাত্রীদের জন্য আলাদাভাবে এবষ্ট্রাক্ট তৈরী করতে হয়। পরীক্ষার ফলাফল প্রকাশের সময়ও পত্র-পত্রিকায় এবং ফলাফল বইতে মানবিক ও বিজ্ঞান কথাটি উল্লেখ থাকে। এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করা হলে বোর্ড কর্তৃপক্ষ জানান, "ফলাফল প্রকাশের সুবিধার্থে এমনটি করা হয়"। এক্ষেত্রে প্রশ্ন উঠেছে ফলাফল প্রকাশের সুবিধার জন্য যদি বাণিজ্য গ্রুপের উল্লেখের কোন প্রয়োজন না হয়, তা হলে মানবিক ও বিজ্ঞান বিভাগের উল্লেখ কেন থাকবে? বিষয়টি অযৌক্তিক বলে সংশ্লিষ্ট মহল মনে করেন।

ওদিকে বিদ্যালয়গুলোতে বাণিজ্য ও কৃষি বিভাগের বিলুপ্তি ঘটলেও মানবিক ও বিজ্ঞান বিভাগের অস্তিত্ব বজায় রয়েছে। কোন বিদ্যালয়ে ভর্তির সময়ও মানবিক ও বিজ্ঞান বিভাগের কথা উললেখ করতে হয়